

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.bpsc.gov.bd

স্মারক নং-৮০.২০০.০৫১.০০.০০.০৩০.২০১৬-২৯৫

তারিখ : ২৬/০৯/২০১৬ খ্রিঃ।

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : ৩৭তম বিসিএস পরীক্ষা-২০১৬ এর ২জন প্রার্থী সাধারণ প্রার্থী হওয়া সত্ত্বেও সাধারণ প্রার্থিতার স্থলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী কোটায় আবেদন করেছেন তাদের প্রার্থিতা বাতিল প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Online-এ ৩৭তম বিসিএস পরীক্ষা-২০১৬ এর আবেদনপত্র (BPS Form-1) জমাদানকালে সাধারণ প্রার্থী হওয়া সত্ত্বেও নিম্নোক্ত প্রার্থীদ্বয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী কোটার প্রার্থিতা দাবী করে আবেদন করেছেন এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/প্রতিবন্ধী কোটার প্রার্থীদের জন্য নির্ধারিত ফি ১০০/- (একশত) টাকা জমা দিয়েছেন :

ক্রমিক নং	প্রার্থীর নাম	রেজিস্ট্রেশন নম্বর	বাতিলের কারণ
১.	নাসরীন সুলতানা	144944	সাধারণ প্রার্থী হওয়া সত্ত্বেও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদন এবং উক্ত কোটায় প্রার্থীর জন্য নির্ধারিত ১০০/- টাকা ফি জমা দেয়ায়।
২.	মো: আল আমিন মন্ডল	125801	সাধারণ প্রার্থী হওয়া সত্ত্বেও প্রতিবন্ধী কোটায় আবেদন এবং উক্ত কোটায় প্রার্থীর জন্য নির্ধারিত ১০০/- টাকা ফি জমা দেয়ায়।

২। প্রার্থীদ্বয় সাধারণ প্রার্থী হওয়া সত্ত্বেও সাধারণ প্রার্থীদের জন্য নির্ধারিত ফি ৭০০/- (সাত শত) টাকা জমা না দিয়ে বিধি বহির্ভূতভাবে ১০০/- (একশত) টাকা ফি জমা দিয়েছেন ; যা ৩৭তম বিসিএস পরীক্ষার বিজ্ঞাপনের অনুচ্ছেদ-২, ৮, ৯ এবং আবেদনপত্র বাতিলের (Substantively incomplete) কারণ সংবলিত ০৮/০১/২০১৩ তারিখের সংশোধিত নোটিফিকেশনের শর্তনুযায়ী বিধি সম্মত না হওয়ায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক তাদের প্রার্থিতা বাতিল করা হয়েছে। বিধি সম্মত Substantive কারণে প্রার্থিতা বাতিল হওয়ায় উপরোক্ত ২জন প্রার্থী ৩০.০৯.২০১৬ তারিখে অনুষ্ঠেয় ৩৭তম বিসিএস এর প্রিলিমিনারি টেস্ট-এ অংশগ্রহণ করতে পারবেন না।

(আ.ই.ম. নেছার উদ্দিন)

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।

তারিখ : ২৬/০৯/২০১৬ খ্রিঃ।

স্মারক নং-৮০.২০০.০৫১.০০.০০.০৩০.২০১৬-২৯৫

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- (১) প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাকে অনুরোধ করা যাচ্ছে।
- (২) বার্তা সম্পাদক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।  
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো।
- (৩) মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।  
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং জ্বল নিউজ আকারে বার বার প্রচার করতে তাকে অনুরোধ করা হলো।
- (৪) বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।  
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাকে অনুরোধ করা হলো।
- (৫) বার্তা সম্পাদক, .....  
বিষয়টি আপনার চ্যানেল-এ জ্বল নিউজ হিসেবে বার বার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
- (৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।  
(প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট-এ প্রদানের এবং ৩৭তম বিসিএস এর প্রিলিমিনারি টেস্ট-এ কমিশনের সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- (৭) জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড সেলস, টেলিটক বাংলাদেশ লিঃ, বাড়ি নং-৪১, রোড নং-২৭, ব্লক নং-অ, বনানী, ঢাকা।  
{দৃঃ আকর্ষণ : জনাব এ.বি.এম, মামুন, সিনিয়র একজিকিউটিভ (Value Added)}
- (৮) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।  
(প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

(আ.ই.ম. নেছার উদ্দিন)

পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)।